



ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য শিক্ষকদের গবেষণা প্রকল্প জমা দেয়ার সময় বৃদ্ধি প্রসঙ্গে।


অত্র অফিসের ১৫-০৯-২০২৪ তারিখের স্মারক নং- রেজি/প্রশা-৩/১৬১৮৫-সি বিজ্ঞপ্তির ক্রমধারায় আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে পরিচালিত ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান করা হয়েছিল। গবেষণা প্রকল্প প্রস্তাব জমা দেয়ার সর্বশেষ তারিখ ছিল ২৩ সেপ্টেম্বর, ২০২৪।

অনিবার্য কারণে গবেষণা প্রকল্প প্রস্তাব জমার সময়সীমা আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

প্রকল্প পরিচালক ও সহ-পরিচালকের নাম ব্যতীত ০২(দুই) কপি প্রকল্প প্রস্তাব এবং প্রকল্প পরিচালক ও সহ-পরিচালকের নামসহ ০১(এক) কপি প্রকল্প প্রস্তাব বিভাগের চেয়ারম্যান ও ডিন এর মাধ্যমে এবং ইনস্টিটিউট/ব্যুরো/গবেষণা কেন্দ্রসমূহ এর পরিচালকের মাধ্যমে হার্ডকপি রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর এবং সফট কপি (অবশ্যই Ms Word File) ই-মেইলে (researchprojectdu@gmail.com) আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।


গবেষণা প্রকল্প প্রস্তাবের নির্ধারিত গাইডলাইন ও আবেদনের প্রোফর্মা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

প্রশাসনিক ভবন
রেজিস্ট্রারের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়


(সৈয়দা মাসুদা আক্তার)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশা-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোনঃ ৯৬৬১৯০০-৫৯/৪০২১


স্মারকনং-রেজি/প্রশা-৩/১৬১৮৫-সি

তারিখ:

 ১৪৩১ বঙ্গাব্দ
২৩/৯/২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো:-

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, সকল ব্যুরো ও গবেষণা কেন্দ্রসমূহ, ঢা.বি.
৫. হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করছি)।
৭. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয় (মাননীয় ভাইস চ্যান্সেলর-এর সদয় অবগতির জন্য)
৮. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-ভাইস চ্যান্সেলর অফিস (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয় (মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা)-এর সদয় অবগতির জন্য)
৯. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয় (মাননীয় কোষাধ্যক্ষের সদয় অবগতির জন্য)
১০. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১. টেকনিক্যাল অফিসার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করছি)।


(কমল কৃষ্ণ দাস)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোনঃ ৯৬৬১৯০০-৫৯/৪০৬২

০/৫